

## হাদীস সম্ভার

হাদিস নম্বরঃ ২০৮৭

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ কোন মুসলিমকে অন্যায়ভাবে গালি-গালাজ করা কঠোরভাবে নিষিদ্ধ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ : أَتَى النَّبِيَّ ﷺ بِرَجُلٍ قَدْ شَرِبَ قَالَ إِضْرِبُوهُ قَالَ أَبُو هُرَيْرَةَ : فَمِنَّا الضَّارِبُ بِيَدِهِ وَالضَّارِبُ بِنَعْلِهِ وَالضَّارِبُ بِثَوْبِهِ فَلَمَّا انصَرَفَ قَالَ بَعْضُ الْقَوْمِ : أَخْزَاكَ اللَّهُ قَالَ لَا تَقُولُوا هَذَا لَا تُعِينُوا عَلَيْهِ الشَّيْطَانَ رواه البخاري

বাংলা

(২০৮৭) আবু হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, মদ পান করেছে এমন এক ব্যক্তিকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট হাজির করা হল। তিনি আদেশ দিলেন, 'ওকে তোমরা মার।' আবু হুরাইরা বলেন, (তাঁর আদেশ অনুযায়ী আমরা তাকে মারতে আরম্ভ করলাম।) আমাদের কেউ তাকে হাত দ্বারা মারতে লাগল, কেউ আপন জুতা দ্বারা, কেউ নিজ কাপড় দ্বারা। অতঃপর যখন সে ফিরে যেতে লাগল, তখন কিছু লোক বলে উঠল, 'আল্লাহ তোমাকে লাঞ্ছিত করুক।' তা শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "এরূপ বলো না এবং ওর বিরুদ্ধে শয়তানকে সহযোগিতা করো না।

ফুটনোট

(বুখারী ৬৭৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু হুরাইরা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=65835>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন